

ফরেস্ট্রি সায়েন্স এন্ড টেকনোলজি ইনস্টিটিউট, সিলেট

মৌলিক তথ্যাদি:

সিলেট শহর হতে প্রায় ৮ কিঃমিঃ দূরে সিলেট বিমান বন্দর সড়কে খাদিমনগর ইউনিয়নের বড়শালা নামক স্থানে ৩৬.৫৭ একর জমির উপর ফরেস্ট্রি সায়েন্স এন্ড টেকনোলজি ইনস্টিটিউট, সিলেট ১৯৪৮ সালে প্রতিষ্ঠিত হয়। এর পূর্ব পার্শ্বে সিলেট ক্যাডেট কলেজ, দক্ষিণ পার্শ্বে আলী বাহার চা বাগান এবং উত্তর দিকে নয়াবাজার ও বড়শালা আবাসিক এলাকা রয়েছে। ইনস্টিটিউটের ভূ-প্রকৃতি সমতল এবং ছোট ছোট টিলার সমন্বয়ে গঠিত হওয়ায় এর নান্দনিক দৃশ্যে চোখ জুড়িয়ে যায়। এর পার্শ্বে রয়েছে পর্যটকদের জন্য বাংলাদেশ পর্যটন কর্পোরেশন এর মোটেল এবং শিশু-কিশোরদের বিনোদনের জন্য বেসরকারী এ্যাডভেঞ্চার ওয়ার্ল্ড। এ প্রতিষ্ঠানটি মূলতঃ বন বিভাগে নিয়োজিত মাঠকর্মী বিশেষভাবে ফরেস্টারদের প্রশিক্ষণের জন্য প্রতিষ্ঠিত হয়েছিল। পরবর্তীতে মাঠ পর্যায়ের সাব-টেকনিক্যাল কর্মী সৃষ্টির উদ্দেশ্যে ১৯৬৬ সাল হতে বন প্রহরীদের জন্য প্রথমে তিন মাস মেয়াদী ও পরবর্তীতে চার মাস মেয়াদী প্রশিক্ষণ কোর্সও চালু করা হয়।



এফএসটিআই, সিলেটের প্রবেশ

অবকাঠামো:

এ ইনস্টিটিউট ক্যাম্পাসে ০১টি একাডেমিক ভবন, ০১টি ইনস্টিটিউট ভবন রয়েছে। যাতে ২৫ জন ছাত্র/ছাত্রীর পাঠদানের সুবিধা রয়েছে। ০৩টি ছাত্রাবাসে সর্বমোট ১১টি রুম রয়েছে। তন্মধ্যে ০৭টি রুমে চলতি ২০২৪-২৫ আর্থিক সালে সংযুক্ত বাথরুম নির্মাণ করা হয়েছে। অবশিষ্ট রুমগুলোর জন্য কমন বাথরুম বিদ্যমান। ০৪টি আবাসিক ভবন বসবাসের উপযোগী রয়েছে। অবশিষ্ট বাসগৃহ ও ব্যারাক পরিত্যক্ত ও বসবাসের অনুপযোগী। দীর্ঘমেয়াদি প্রশিক্ষণ কোর্স চালু করতে হলে আবাসিক ভবন, প্রশিক্ষণ ভবন, ছাত্রাবাস আধুনিকায়ন করা প্রয়োজন।



একাডেমিক



হোস্টেল (হযরত শাহজালাল)

জনবলের তথ্যাদি:

এ প্রতিষ্ঠানে ৩৯ জন কর্মকর্তা-কর্মচারীর পদ রয়েছে। তন্মধ্যে ২১ টি পদ পূরণকৃত ও ১৮ টি পদ শূন্য রয়েছে। ০৫ টি পদে আউটসোর্সিং সেবাকর্মী নিয়োজিত রয়েছে। দীর্ঘমেয়াদি প্রশিক্ষণ কোর্স চালু করতে হলে শূন্য পদে জনবল নিয়োগ/পদায়ন করা প্রয়োজন।

ইতোপূর্বে গৃহীত প্রশিক্ষণসমূহ ও বর্তমান চলমান প্রশিক্ষণের বিবরণ নিম্নোক্ত ছকে উপস্থাপন করা হলো:

ক্রমিক নং	কোর্সের নাম	সময়কাল	প্রশিক্ষার্থীর সংখ্যা
১।	ফরেস্টারদের ১ বছর মেয়াদী সার্টিফিকেট কোর্স	১৯৪৮-১৯৮৪	১১৮২ জন
২।	ফরেস্টারদের ৩ মাস মেয়াদী সার্টিফিকেট কোর্স	১৯৯৭-১৯৯৮	৫৫ জন
৩।	ফরেস্টার/প্লান্টেশন সহকারী/এনজিও স্টাফদের ১০ দিন মেয়াদী প্রশিক্ষণ কোর্স	১৯৯৯-২০০২	৩০৬ জন

৪।	বন প্রহরীদের ৩ মাস মেয়াদী প্রশিক্ষণ কোর্স	১৯৬৬-১৯৮৬	৭০১ জন
৫।	বন প্রহরীদের ৪ মাস মেয়াদী প্রশিক্ষণ কোর্স	১৯৮০-১৯৮৬	৪১৪ জন
৬।	বাগান মালীদের ১১ দিন মেয়াদী সামাজিক বনায়ন প্রশিক্ষণ কোর্স	২০০১-২০০৪	৪৮৫ জন
৭।	অফিস সহকারীদের দাপ্তরিক প্রশিক্ষণ কোর্স	১৯৯৯	১৯ জন
৮।	ফরেস্টারদের ২ বছর মেয়াদী ডিপ্লোমা ইন ফরেস্ট্রি (ইন সার্ভিস)	১৯৮৫-২০১৯	৫৯০ জন
৯।	দাপ্তরিক কর্মচারীদের নৈতিকতা কৌশল অনুশীলন বিষয়ক প্রশিক্ষণ	২০২২-২০২৩	২০ জন
১০।	ফরেস্ট গার্ডদের বেসিক ফরেস্ট্রি কোর্স	২০২২-২০২৪	৩৩০ জন
১১।	ফরেস্টারদের রিফ্রেসার্স কোর্স	২০২১-২০২৪	১১৫ জন
১২।	দাপ্তরিক কর্মকর্তা-কর্মচারীদের শুদ্ধাচার অনুশীলন বিষয়ক প্রশিক্ষণ	২০২১-২০২৪	৬০ জন
১৩।	কর্মকর্তা-কর্মচারীদের জন্য বন ব্যবস্থাপনা সংশ্লিষ্ট আইন ও বিধিমালা বিষয়ক প্রশিক্ষণ কোর্স	২০২৩-২০২৪	২৮ জন
মোট			৪৩০৫ জন

► চলতি ২০২৪-২০২৫ আর্থিক সালের প্রশিক্ষণের বিবরণ:

১. দাপ্তরিক কর্মকর্তা-কর্মচারীদের শুদ্ধাচার অনুশীলন বিষয়ক প্রশিক্ষণ।
২. কর্মকর্তা-কর্মচারীদের জন্য বন ব্যবস্থাপনা সংশ্লিষ্ট আইন ও বিধিমালা বিষয়ক প্রশিক্ষণ।
৩. বাগানমালীদের নার্সারী ও বাগান সৃজন বিষয়ক প্রশিক্ষণ কোর্স।